

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ২৩

তারিখঃ ১৩ এপ্রিল ২০২১
৩০ চৈত্র ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ভফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে
সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় আর্থিক প্রণোদনা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৮; তারিখ ১২ এপ্রিল ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর অনুষ্টেদ ৭(এ) এ ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ/বিনিয়োগের প্রতিমাসের তথ্য 'সংযোজনী গ' অনুযায়ী পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এ প্রেরণ করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

৩। কোভিড- ১৯ এর প্রভাব মোকাবেলায় প্রণীত প্রণোদনা প্যাকেজের বাস্তবায়ন অগ্রগতিসহ উক্ত প্যাকেজ বাস্তবায়নের ফলে প্রকৃত উপকারভোগীর সংখ্যা নিরূপণের লক্ষ্যে বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর অনুষ্টেদ ৭(এ) এ সংযোজিত 'সংযোজনী গ' এর পরিমার্জিত সংস্করণ অনুযায়ী প্রতি মাসের তথ্য পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগে হার্ডকপি এবং সফটকপি ই-মেইল যোগে (nasir.abdullah@bb.org.bd) প্রেরণ নিশ্চিত করতে হবে।

৪। সূত্রস্থ সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২

(সংযোজনী-গ)

ব্যাংকের নামঃ
--/--/২০-ভিত্তিক তথ্য

ক্রম	ঋণ/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানের নাম	ঋণ/বিনিয়োগগ্রহীতা প্রতিষ্ঠানের ট্যাক্স আইডি নম্বর (টিআইএন)	ঋণ/বিনিয়োগগ্রহীতা প্রতিষ্ঠানের বিআইএন	বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত সম্মতিপত্রের তারিখ ও সূত্র	ঋণ/বিনিয়োগ বিতরণের তারিখ	ঋণ/বিনিয়োগের মেয়াদ উত্তীর্ণের তারিখ	বিতরণকৃত ঋণ/বিনিয়োগের পরিমাণ	ঋণ/বিনিয়োগের স্থিতি (---- তারিখ ভিত্তিক)	৪.৫% হারে আরোপিত মোট সুদ/মুনাফার পরিমাণ	গ্রাহক কর্তৃক পরিশোধিত মোট অর্থের পরিমাণ (টাকায়)	৪.৫% হারে আবেদনকৃত সুদ/মুনাফা ভর্তুকীর মোট পরিমাণ (টাকায়)	বাংলাদেশ ব্যাংক কর্তৃক সুদ/মুনাফা ভর্তুকী বাবদ পুনর্ভরণকৃত মোট অর্থের পরিমাণ (টাকায়)	উপকারভোগীর সংখ্যা					
													ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের মালিক/পরিচালকের সংখ্যা	কর্মকর্তার সংখ্যা	শ্রমিক/কর্মচারীর সংখ্যা			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪					
							মোট											

‘সংযোজনী গ’ এর বিষয়ে যোগাযোগের প্রয়োজনে
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামঃ
পদবীঃ
অফিস ফোন নং-
মোবাইল ফোন নং-
ইমেইলঃ

স্বাক্ষর
নাম ও পদবীসহ
(সিলমোহর)